# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ, শর্ট কোর্স শাখা

৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২১০।

Web site: www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.৪৩.০১৩.১৮.৫১৩

তারিখ: ২৬ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ
১০ জুলাই, ২০২৫ খ্রি.

**জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রমের জানুয়ারি-জুন ও এপ্রিল-জুন, ২০২৫ সেশনের পরীক্ষার উত্তরপত্র পরীক্ষক, নিরীক্ষক ও প্রধান পরীক্ষকের জন্য অন-লাইন (Online) -এ ফরম পূরণ বিজ্ঞপ্তি**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধিভুক্ত জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রমের জানুয়ারি-জুন ও এপ্রিল-জুন, ২০২৫ সেশনের অনুষ্ঠিতব্য পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও নিরীক্ষণ কার্য সম্পাদনে উত্তরপত্র পরীক্ষক, নিরীক্ষক ও প্রধান পরীক্ষক হওয়ার লক্ষ্যে "বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা, ২০২০" -এ উল্লিখিত শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন সংশ্লিষ্ট শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠানের শিক্ষকদের নিম্নোক্ত সময়সীমার মধ্যে অনলাইন (Online) -এ চাহিত তথ্য এন্ট্রির করার জন্য অনুরোধ করা হলো:

| |
|---|
| ১৪-০৭-২০২৫ খ্রি. তারিখ হতে ২০-০৭-২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত। |

আবেদন করার নিয়মাবলী

বোর্ডের ওয়েবসাইট www.bteb.gov.bd-এর হোম পেইজে ⇒ শিক্ষকদের তথ্য ⇒ স্বল্প মেয়াদি ও অন্যান্য ⇒ Basic Trade (360 hours) ⇒ প্রতিষ্ঠান কোড ও পাসওয়ার্ড দিয়ে Login করে উত্তরপত্র পরীক্ষক, নিরীক্ষক ও প্রধান পরীক্ষকের জন্য চাহিত তথ্যসমূহ এন্ট্রি করতে হবে ।

০১। উত্তরপত্র পরীক্ষক/নিরীক্ষক হওয়ার যোগ্যতা:

(ক) সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে:
সংশ্লিষ্ট ট্রেড/টেকনোলজিতে ন্যূনতম ০১ (এক) বছরের শিক্ষকতায় অভিজ্ঞতাসহ জুনিয়র ইন্সট্রাক্টর হতে হবে;

(খ) বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে:
সংশ্লিষ্ট ট্রেড/টেকনোলজিতে ০১ (এক) বছরের শিক্ষকতায় অভিজ্ঞতাসহ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পাশ হতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি/এমএসসি/সমমান পাশকৃতরাও আবেদন করতে পারবেন। অথবা কোনো স্বীকৃতি বিশ্ববিদ্যালয় হতে স্নাতকসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ০৩/০৬ মাস মেয়াদি জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) প্রশিক্ষণ কোর্স সম্পন্ন হতে হবে এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

০২। প্রধান পরীক্ষক হওয়ার যোগ্যতা:

(ক) সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে:
সংশ্লিষ্ট ট্রেড/টেকনোলজিতে চীফ ইন্সট্রাক্টর (সহকারী অধ্যাক সমমান) পদে কর্মরত অথবা ইন্সট্রাক্টর পদে (১ম শ্রেণি পদমর্যাদা) ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে উত্তরপত্র পরীক্ষক/নিরীক্ষক হিসেবে ০৫ (পাঁচ) বছরের কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে;

(খ) বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে:
সংশ্লিষ্ট ট্রেড/টেকনোলজিতে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি/এমএসসি/সমমান পাশ পাশসহ ন্যূনতম সংশ্লিষ্ট ট্রেডে/টেকনোলজি ১০ (দশ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে এবং ন্যূনতম ০৫ (পাঁচ) বছর বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে অথবা স্নাতক/সমমান পাশসহ ০৩/০৬ মাস মেয়াদি সংশ্লিষ্ট বেসিক ট্রেডে **"A"** গ্রেডে উত্তীর্ণ হতে হবে এবং ন্যূনতম সংশ্লিষ্ট টেকনোলজি/ট্রেডে ১০ (দশ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং ন্যূনতম ০৫ (পাঁচ) বছর বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।

০৩। উত্তরপত্র পরীক্ষক, নিরীক্ষণ এবং প্রধান পরীক্ষক হওয়ার ক্ষেত্রে যে সকল তথ্যাদি প্রয়োজন:

(ক) সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে:
সোনালী ব্যাংক -এর অনলাইন হিসাব নম্বর ১৩ সংখ্যার, মোবাইল নম্বর ও কর্মক্ষেত্রে যোগদানের তারিখ ফরম পূরণের ক্ষেত্রে প্রয়োজন হবে এবং বোর্ডে কাজের সময় (উত্তরপত্র পরীক্ষক, নিরীক্ষক এবং প্রধান পরীক্ষক) প্রতিষ্ঠান প্রধানের সুপারিশপত্রসহ অন্যান্য তথ্যাদি বোর্ডে জমা দিতে হবে।

(খ) বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে:
নিয়োগপত্র, যোগদানপত্র, ন্যাশনাল আইডি কার্ড (NID), শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি, সোনালী ব্যাংকের অনলাইন হিসাবের নম্বর ১৩ সংখ্যার, মোবাইল নম্বর ফরম পূরণের ক্ষেত্রে প্রয়োজন হবে এবং বোর্ডে কাজের সময় (উত্তরপত্র পরীক্ষক, নিরীক্ষক এবং প্রধান পরীক্ষক) প্রতিষ্ঠান প্রধানের সুপারিশপত্রসহ অন্যান্য তথ্যাদি বোর্ডে জমা দিতে হবে।

১০/০৭/২০২৫

(প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.৪৩.০১৩.১৮.৫১৩ (১২) তারিখ: ১০-০৭-২০২৫ খ্রি.

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

০১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, সকল জেলা।
০৪. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৫. আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, খুলনা/ রাজশাহী/ চট্টগ্রাম/ বরিশাল/ সিলেট/ রংপুর/ ঢাকা/ ময়মনসিংহ।
০৬. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা।
০৭. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশসহ।
০৮. উপসচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৯. সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. অধ্যক্ষ/পরিচালক, জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠান।
১১. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. নথি।

১০.০৭.২৫
(মোঃ নওশাদ আলী)
উপপরীক্ষা নিয়ন্ত্রক (শর্ট কোর্স) অ.দা.
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।